"শেখ হাসিনার দর্শন, সব মানুষের উন্নয়ন"

# নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট কোম্পানী বাংলাদেশ লিমিটেড

## Nuclear Power Plant Company Bangladesh Limited

(An Enterprise of Bangladesh Atomic Energy Commission)

শান্তি ও সমৃদ্ধির জন্য পারমাণবিক শক্তি

নং- ৩৯.১০.০০০০.১০২.১১.০০১.২৩-২৫৯

তারিখ : ০৩ মে ২০২৩

# রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের Security & Physical Protection Service Division-এর জনবল নিয়োগের বিজ্ঞপ্তি - ১

নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট কোম্পানী বাংলাদেশ লিমিটেড (এনপিসিবিএল)-এর অধীনে রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের Security & Physical Protection Service Division-এর জনবল জরুরি ভিত্তিতে নিয়োগের নিমিত্ত এ পর্যায়ে নিম্নের বর্ণনা মোতাবেক বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

| ক্রঃ নং | পদের নাম ও গ্রেড, প্রাথমিক মাসিক মূল বেতন (টাকা) এবং পদ-সংখ্যা | আবশ্যকীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | | পদ-ভিত্তিক অতিরিক্ত যোগ্যতা |
|---|---|---|---|---|
| | | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা | ন্যূনতম অভিজ্ঞতা | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ০১ | ডেপুটি চিফ সুপারিনটেনডেন্ট (সিকিউরিটি এন্ড ফিজিক্যাল প্রোটেকশন সার্ভিস ডিভিশন) [গ্রেড-৪]<br>মূল বেতন : ১,২৬,০০০/-<br>পদ-সংখ্যা : ০১ | সরকার ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক অনুমোদিত কোন বিশ্ববিদ্যালয় থেকে সিকিউরিটি স্টাডিজ বা যেকোন বিষয়ে স্নাতক (৪ বছর)/ স্নাতকোত্তর ডিগ্রি বা যেকোন বিষয়ে ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক ডিগ্রি | সশস্ত্র বাহিনী, বাংলাদেশ পুলিশ বা অন্য কোন আইন শৃঙ্খলা রক্ষাকারী সংস্থায় গ্রেড-৫ বা তদূর্ধ পদে ন্যূনতম ১ (এক) বছরসহ প্রথম শ্রেণির কর্মকর্তা হিসেবে ন্যূনতম ১৪ (চৌদ্দ) বছর চাকুরির অভিজ্ঞতা | (১) নতুন সিকিউরিটি ইউনিট/দল গঠনের অভিজ্ঞতা<br>(২) নিরাপত্তা ও গোয়েন্দা তথ্যাদি সংগ্রহ ও বিশ্লেষণ এবং Threat Assessment সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা।<br>(৩) সাইবার নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে জ্ঞান।<br>(৪) আন্তঃ-এজেন্সি সহযোগিতা এবং সমন্বয়ের অভিজ্ঞতা। |
| ০২ | হেড অফ সিকিউরিটি এন্ড ফিজিক্যাল প্রোটেকশন সার্ভিস ম্যানেজমেন্ট [গ্রেড-৫]<br>মূল বেতন : ১,০৯,২০০/-<br>পদ-সংখ্যা : ০১ | সরকার ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক অনুমোদিত কোন বিশ্ববিদ্যালয় থেকে সিকিউরিটি স্টাডিজ বা যেকোন বিষয়ে স্নাতক (৪ বছর)/ স্নাতকোত্তর ডিগ্রি বা যেকোন বিষয়ে ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক ডিগ্রি | সশস্ত্র বাহিনী, বাংলাদেশ পুলিশ বা অন্য কোন আইন শৃঙ্খলা রক্ষাকারী সংস্থায় গ্রেড-৬ পদে ন্যূনতম ২ (দুই) বছরসহ প্রথম শ্রেণির কর্মকর্তা হিসেবে ন্যূনতম ১০ (দশ) বছর চাকুরির অভিজ্ঞতা | |
| ০৩ | হেড অফ সিকিউরিটি পাস ইউনিট [গ্রেড-৬]<br>মূল বেতন : ৮৪,০০০/-<br>পদ-সংখ্যা : ০১ | সরকার ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক অনুমোদিত কোন বিশ্ববিদ্যালয় থেকে সিকিউরিটি স্টাডিজ বা যেকোন বিষয়ে স্নাতক (৪ বছর)/ স্নাতকোত্তর ডিগ্রি বা যেকোন বিষয়ে ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক ডিগ্রি | সশস্ত্র বাহিনী, বাংলাদেশ পুলিশ বা অন্য কোন আইন শৃঙ্খলা রক্ষাকারী সংস্থায় প্রথম শ্রেণির কর্মকর্তা হিসেবে ন্যূনতম ৭ (সাত) বছর চাকুরির অভিজ্ঞতা | (১) কোনো গুরুত্বপূর্ণ স্থাপনায় অ্যাক্সেস ব্যবস্থাপনার অভিজ্ঞতা।<br>(২) কম্পিউটার ও আইটি বিষয়ে দক্ষতা। |
| ০৪ | এনপিপি স্টেশন সিকিউরিটি এন্ড ফিজিক্যাল প্রোটেকশন শিফট সুপারভাইজার [গ্রেড-৬]<br>মূল বেতন : ৮৪,০০০/-<br>পদ-সংখ্যা : ০৭ | সরকার ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক অনুমোদিত কোন বিশ্ববিদ্যালয় থেকে সিকিউরিটি স্টাডিজ বা যেকোন বিষয়ে স্নাতক (৪ বছর)/ স্নাতকোত্তর ডিগ্রি বা যেকোন বিষয়ে ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক ডিগ্রি | সশস্ত্র বাহিনী, বাংলাদেশ পুলিশ বা অন্য কোন আইন শৃঙ্খলা রক্ষাকারী সংস্থায় প্রথম শ্রেণির কর্মকর্তা হিসেবে ন্যূনতম ৭ (সাত) বছর চাকুরির অভিজ্ঞতা | |
| ০৫ | হেড অফ ফিজিক্যাল প্রোটেকশন ডিউটি ডিপার্টমেন্ট [গ্রেড-৫]<br>মূল বেতন : ১,০৯,২০০/-<br>পদ-সংখ্যা : ০১ | সরকার ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক অনুমোদিত কোন বিশ্ববিদ্যালয় থেকে সিকিউরিটি স্টাডিজ বিষয়ে স্নাতক (৪ বছর)/ স্নাতকোত্তর ডিগ্রি বা ইলেকট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল, ইলেক্ট্রনিক এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতক ডিগ্রি | সশস্ত্র বাহিনী, বাংলাদেশ পুলিশ বা অন্য কোন আইন শৃঙ্খলা রক্ষাকারী সংস্থায় গ্রেড-৬ পদে ন্যূনতম ২ (দুই) বছরসহ প্রথম শ্রেণির কর্মকর্তা হিসেবে ন্যূনতম ১০ (দশ) বছর চাকুরির অভিজ্ঞতা | (১) নিরাপত্তা ও গোয়েন্দা তথ্যাদি সংগ্রহ ও বিশ্লেষণ এবং Threat Assessment সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা ।<br>(২) আন্তঃ-এজেন্সি সহযোগিতা এবং সমন্বয়ের অভিজ্ঞতা। |
| ০৬ | ডেপুটি হেড অফ ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনিক্যাল ডিপার্টমেন্ট [গ্রেড-৬]<br>মূল বেতন : ৮৪,০০০/-<br>পদ-সংখ্যা : ০১ | সরকার ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক অনুমোদিত কোন বিশ্ববিদ্যালয় থেকে সিকিউরিটি স্টাডিজ বিষয়ে স্নাতক (৪ বছর)/ স্নাতকোত্তর ডিগ্রি বা ইলেকট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল, ইলেক্ট্রনিক এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতক ডিগ্রি | সশস্ত্র বাহিনী, বাংলাদেশ পুলিশ বা অন্য কোন আইন শৃঙ্খলা রক্ষাকারী সংস্থায় প্রথম শ্রেণির কর্মকর্তা হিসেবে ন্যূনতম ৭ (সাত) বছর চাকুরির অভিজ্ঞতা | |

[চলমান]

[পূর্ব পৃষ্ঠার পর]

**অতিরিক্ত সাধারণ যোগ্যতা :**

(১) কোন কেপিআই বা অনুরূপ ক্রিটিক্যাল সরকারি/স্বায়ত্বশাসিত বা অনুরূপ ফ্যাসিলিটি/স্থাপনার নিরাপত্তা ব্যবস্থাপনা কাজের অভিজ্ঞতা।

(২) প্রতিকূল পরিস্থিতিতে/ প্রতিকূল পরিবেশে কিংবা চাপযুক্ত পরিস্থিতিতে সুষ্ঠুভাবে নিরাপত্তা সংক্রান্ত কার্যাদি পরিচালনা ও ব্যবস্থাপনা বা নিরাপত্তা/ আইন শৃঙ্খলা সংশ্লিষ্ট ক্রাইসিস ম্যানেজমেন্টের অভিজ্ঞতা।

(৩) নেতৃত্ব প্রদানের ক্ষমতা।

(৪) কম্পিউটার অ্যাপ্লিকেশনে বিশেষভাবে এমএস ওয়ার্ড, এমএস এক্সেল ও এমএস পাওয়ার পয়েন্ট এবং ইউনিকোড টাইপিং-এ দক্ষতা।

(৫) মৌখিক ও লিখিত উভয় ক্ষেত্রে বাংলা ও ইংরেজি ভাষায় উৎকৃষ্ট যোগাযোগ দক্ষতা।

(৬) নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে জাতীয়/আন্তর্জাতিকভাবে স্বীকৃত কোনো প্রশংসাপত্র/সনদ।

**আবশ্যকীয় অন্যান্য যোগ্যতা :**

- প্রতিটি পাবলিক পরীক্ষায় ন্যূনতম জিপিএ/সিজিপিএ ৫.০০ এর মধ্যে ৩.০০ অথবা ৪.০০ এর মধ্যে ২.৫০ থাকতে হবে (তবে সনাতন ফলাফল পদ্ধতির অধীন প্রতিটি পাবলিক পরীক্ষায় ২য় শ্রেণি/বিভাগ প্রাপ্তগণ আবেদন করতে পারবেন)।
- কাজের প্রকৃতি বিবেচনায় কেবল পুরুষ প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
- শারীরিক যোগ্যতা/মাপ : ন্যূনতম উচ্চতা ৫ ফুট ৪ ইঞ্চি, ন্যূনতম বুকের মাপ স্বাভাবিক অবস্থায় ৩১ ইঞ্চি ও সম্প্রসারিত অবস্থায় ৩৩ ইঞ্চি এবং ওজন বয়স ও উচ্চতার সাথে অনুমোদিত ন্যূনতম পরিমাপের থাকতে হবে।
- আবেদনের শেষ তারিখে সর্বোচ্চ বয়সসীমা : গ্রেড-৪ এর ক্ষেত্রে ৪৮ বছর এবং গ্রেড-৫ ও গ্রেড-৬ এর ক্ষেত্রে ৪০ বছর।

**বেতন, সুযোগ-সুবিধা ও অন্যান্য শর্তাবলি :**

১. প্রথম ১ (এক) বছর প্রবেশনকাল গণ্য হবে, তবে তা প্রবেশনকালীন প্রশিক্ষণের ফলাফল এবং/অথবা পারফরম্যান্সের ভিত্তিতে ২ (দুই) বছর পর্যন্ত বর্ধিত হতে পারে; প্রবেশনকাল সফলভাবে সমাপ্তিতে এনপিসিবিএল-এ চাকুরি নিয়মিতকরণ/ নিশ্চিতকরণ করা হবে।

২. কর্মস্থল হবে বাংলাদেশের রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রে বা এনপিসিবিএল কর্তৃক নির্ধারিত যেকোন স্থানে।

৩. প্রবেশনকালে উপরের টেবিলে বর্ণিত হারে মাসিক মূল বেতন ও বিধি মোতাবেক উৎসব ভাতা এবং প্রকল্প সাইটে কর্মকালীন মূল বেতনের ৪০% হারে প্রকল্প ভাতা প্রদান করা হবে।

৪. এনপিসিবিএল-এর চাকুরি নিয়মিতকরণ/ নিশ্চিতকরণের পর উপরের টেবিলে বর্ণিত মূল বেতন ও পারিবারিক আবাসন সুবিধা (অথবা পারিবারিক আবাসন সুবিধা না দিতে পারলে মূল বেতনের ৪০%–৬০% হারে বাড়িভাড়া ভাতা) এবং প্রযোজ্যতা অনুসারে মূল বেতনের ৪০% হারে প্রকল্প ভাতা বা বিদ্যুৎকেন্দ্র ভাতা, অর্জিত ছুটি নগদায়ন, যৌথ বীমা, কনট্রিবিউটরি প্রভিডেন্ট ফান্ড, গ্রাচ্যুইটি সহ অন্যান্য প্রান্তিক সুবিধাদি এনপিসিবিএল-এর বিধিমালা/ নীতিমালা অনুসারে প্রদান করা হবে।

৫. যোগদানকারীকে তার যোগদানের সময় এ মর্মে অঙ্গীকার নামা (Surety Bond) দাখিল করতে হবে যে, তিনি এনপিসিবিএল-এ যোগদানের তারিখ থেকে কমপক্ষে ১০ (দশ) বছর [প্রযোজ্যতা অনুসারে ৬০ (ষাট) বছর বয়স পূর্তি পর্যন্ত] চাকুরি করবেন এবং যদি এনপিসিবিএল-এ ১০ (দশ) বছর চাকুরি সমাপ্তির পূর্বে [প্রযোজ্যতা অনুসারে ৬০ (ষাট) বছর বয়স পূর্তি পূর্বে] স্বেচ্ছায় এনপিসিবিএল ত্যাগ করেন তবে তিনি এনপিসিবিএল, সরকার বা অন্য যেকোন কর্তৃপক্ষ কর্তৃক তার জন্য ব্যয়কৃত সমুদয় অর্থ এনপিসিবিএল-এর অনুকূলে পরিশোধ করতে বাধ্য থাকবেন।

৬. এনপিসিবিএল-এ যোগদানের সময় যোগদানকারীকে গোপনীয়তা এবং নিরাপত্তা সংক্রান্ত একটি ঘোষণাপত্র দাখিল করতে হবে; এবং ঘোষণা মোতাবেক যোগদানকারীকে কোম্পানি বা রাষ্ট্রের বা সরকারের বা কোনো এনপিপির নিরাপত্তার জন্য ক্ষতিকর বলে প্রতীয়মান হলে কর্তৃপক্ষ কোনো ক্ষতিপূরণ ছাড়াই চাকুরির অবসানসহ যেকোন আইনি ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

**আবেদন ও নির্বাচন পদ্ধতি :**

১. আগ্রহী প্রার্থীকে "**Online Application Form**" এর মাধ্যমে আবেদন করতে হবে। অনলাইনে আবেদনের সময় প্রয়োজনীয় তথ্যসহ প্রার্থীর স্ক্যানকৃত ছবি ও স্বাক্ষর আপলোড করতে হবে। ০৮.০৫.২০২৩ তারিখ থেকে ২২.০৫.২০২৩ তারিখ রাত ১১:৫৯ টা পর্যন্ত অনলাইনে আবেদন করা যাবে। http://npcbl.teletalk.com.bd ঠিকানায় "**Online Application Form**" পাওয়া যাবে।

২. বর্তমানে কোন প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অনলাইনে আবেদন দাখিলের পূর্বের যে-কোন তারিখে "আবেদনের বিষয়ে নিয়োগকর্তা কর্তৃক ইস্যুকৃত অনাপত্তিপত্র (NOC)" সংগ্রহ করতে হবে এবং উক্ত NOC মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।

৩. প্রত্যেক প্রার্থীকে তার আবেদন নিশ্চিতকরণের জন্য http://npcbl.teletalk.com.bd ঠিকানায় উল্লেখিত নির্দেশনা অনুসরণ করে যেকোন Teletalk Mobile Connection থেকে এসএমএস (SMS) এর মাধ্যমে অফেরতযোগ্য ৫০০/- (পাঁচশত) টাকা পরিশোধ করতে হবে।

৪. লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা গ্রহণ এবং সংশ্লিষ্ট কাগজপত্র যাচাই ও প্রয়োজনীয় নিরাপত্তা ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে যোগ্য প্রার্থী নির্বাচন করা হবে। বিদেশী সনদধারীদের মৌখিক পরীক্ষার সময় যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সমমানের সনদ প্রদর্শন করতে হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ/ভাতা প্রদান করা হবে না।

৫. যেকোন ধরণের সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচনা করা হবে।

৬. এনপিসিবিএল কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ছাড়াই পদ-সংখ্যা বৃদ্ধি/হ্রাস করার এবং যেকোন বা সকল আবেদন বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

**বিস্তারিত তথ্যের জন্য দয়া করে ভিজিট করুন :** www.rooppurnpp.gov.bd অথবা http://npcbl.portal.gov.bd

**কোম্পানী সেক্রেটারী**